# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৪৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬৪]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫৫: দুনিয়াদারি ত্যাগ করার মাহাত্ম্য, দুনিয়া কামানো কম করার প্রতি উৎসাহ প্রদান এবং দারিদ্রের ফযীলত

(55) ـ باب فضل الزهد في الدنيا و الحث على التقلل منها و فضل الفقر

আরবী

وَعَن جَابِرٍ رضي الله عنه: أنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم مَرَّ بِالسُّوقِ وَالنَّاسُ كَنَفَتَيْهِ، فَمَرَّ بِجَدْيٍ أَسَكَّ مَيِّتٍ، فَتَنَاوَلَهُ فَأَخَذَ بِأُذُنِهِ، ثُمَّ قَالَ: «أَيُّكُم يُحِبُّ أنْ يَكُونَ هَذَا لَهُ بِدِرْهَم ؟ فَقَالُوا: مَا نُحِبُّ أنَّهُ لَنَا بِشَيْءٍ وَمَا نَصْنَعُ بِهِ ؟ ثُمَّ قَالَ: أَتُحِبُّونَ أنَّهُ لَكُمْ ؟ قَالُوا: وَاللهِ لَوْ كَانَ حَيّاً كَانَ عَيْباً، إنَّهُ أسَكُّ فَكَيْفَ وَهُوَ مَيِّتٌ ! فَقَالَ: فَوَاللهِ لَلدُّنْيَا أهْوَنُ عَلَى اللهِ مِنْ هَذَا عَلَيْكُمْ . رواه مسلم

বাংলা

৮/৪৬৮। জাবের রাদিয়াল্লাহু ’আনহু কর্তৃক বর্ণিত, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাজারের পাশ দিয়ে গেলেন। এমতাবস্থায় যে, তাঁর দুই পাশে লোকজন ছিল। অতঃপর তিনি ছোট কানবিশিষ্ট একটি মৃত ছাগল ছানার পাশ দিয়ে গেলেন। তিনি তার কান ধরে বললেন, ’’তোমাদের কেউ কি এক দিরহামের পরিবর্তে এটাকে নেওয়া পছন্দ করবে?’’ তাঁরা বললেন, ’আমরা কোনো জিনিসের বিনিময়ে এটা নেওয়া পছন্দ করব না এবং আমরা এটা নিয়ে করবই বা কি?’ তিনি বললেন, ’’তোমরা কি পছন্দ কর যে, (বিনামূল্যে) এটা তোমাদের হোক?’’ তাঁরা বললেন, ’আল্লাহর কসম! যদি এটা জীবিত থাকত তবুও সে ছোট কানের কারণে দোষযুক্ত ছিল। এখন তো সে মৃত (সেহেতু একে কে নেবে)?’ তিনি বললেন, ’’আল্লাহর কসম! তোমাদের নিকট এই মৃত ছাগল ছানাটা যতটা নিকৃষ্ট, দুনিয়া আল্লাহর নিকট তার চেয়ে বেশি নিকৃষ্ট।’’ (মুসলিম) [1]

## English

(55) Chapter: Excellence of Leading an Ascetic Life, and Virtues of Simple Life

Jabir bin 'Abdullah (May allah be pleased with him) reported: Messenger of Allah (ﷺ) was passing through the bazaar with his Companions on his both sides, when he saw a dead skinny lamb. He held its

ear and said, "Who of you would like to have it for a dirham". They replied, "We do not like to get it for nothing, and what shall we do with it?". Then he (ﷺ) asked, "Would you like to have it for nothing?". They replied, "Had it been alive, it would have been defective because it is skinny; but when dead it is of no use". Messenger of Allah (ﷺ) said, "Truly, the world is more contemptible to Allah than this (the dead lamb) is to you".

[Muslim].

Commentary: This Hadith also shows the futility of this world for which one struggles so madly throughout his life. It is also an indication that the Prophet (PBUH) used to seize the right opportunities to guide and teach his followers.

## ফুটনোট

[1] মুসলিম ২৯৫৭, আবূ দাউদ ১৮৬, আহমাদ ১৪৫১৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🞎 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23433

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন